

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ অর্থ বছরের বাজেট পাস

মোবারক আশম চবি সংবাদপাতা :
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ অর্থ
বছরের জন্য ১২২ কোটি ৫০ লাখ
টাকার বাজেট অনুমোদন দিয়েছে
বিশ্ববিদ্যালয় সিনেট। গত শনিবার
বিকেল সাড়ে তিনটায় ২৪তম সিনেট
সভায় এ অনুমোদন দেয়া হয়।
বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের
সভাকক্ষে জিপি, ও সিনেট সভাপতি
প্রফেসর আব্দুল্লাহ আলীম আরিফের
সভাপতিত্বে সিনেটের বার্ষিক
অধিবেশনে এ বাজেট পাস করা হয়।
২০১২-১৩ অর্থ বছরের জন্য
বিশ্ববিদ্যালয় ইউজিসির কাছে ১৫০
কোটি ৭৫ লাখ টাকার চাহিদা বাজেট
দেয়া হচ্ছে। ইউজিসি (বিশ্ববিদ্যালয়ের
নিজস্ব আয়সহ) ১২২ কোটি ৫০ লাখ
টাকার বাজেট বরাদ্দ দেয়। যা চাহিদার
প্রায় ৮০ শতাংশ। বিশ্ববিদ্যালয়ের
হিসাব নিয়ন্ত্রণ সূত্রে জানা গেছে,
২০১২-১৩ অর্থ বছরের মোট বরাদ্দ
১২২ কোটি ৫০ লাখ টাকার
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (বিমক)
মধ্যে সরকারি অনুদানের পরিমাণ হচ্ছে
১০৮ কোটি। বাকি ১৪ কোটি টাকা
বিশ্ববিদ্যালয়ের স্বতন্ত্র আয় থেকে
ধরা হয়েছে।
২০১২-১৩ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ের
শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীদের বেতন
ভাতায় ব্যয় ধরা হয়েছে ৮১ কোটি ১০
লাখ টাকা। এছাড়া অবসরপ্রাপ্ত শিক্ষক
কর্মকর্তা কর্মচারীদের জন্য পেনশন
ভাতা ১৭ কোটি, বিবিধ ব্যয়ে ১২ কোটি
৫৭ লাখ, শিক্ষা ও গবেষণা ব্যয়ে ৯
কোটি ৬৪ লাখ, মেসারস, সংরক্ষণ ও
পুনর্নির্মাণ ব্যয়ে ১ কোটি ২৮ লাখ এবং
সুদধন ও সুবিধা ব্যয়ে ৫১ লাখ টাকা
ব্যয় ধরা হয়েছে।